রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ১৯, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২ আশ্বিন ১৪১৪/১৭ সেপ্টেম্বর ২০০৭

**এস, আর, ও নং ২২৪-আইন/২০০৭।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি উক্ত সংবিধানের ১৪০ (২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সমরাস্ত্র কারখানা (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার তফসিলের কলাম ১ এর—

(ক) ক্রমিক নং ১ এর বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত "(প্রাক্তন ই এম ই)" শব্দগুলি এবং বন্ধনী বিলুপ্ত হইবে;

(খ) ক্রমিক নং ২ এর বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত "সেনাবাহিনীর ব্রিগেডিয়ার (প্রাক্তন ই এম ই, যান্ত্রিক প্রকৌশলী)" শব্দগুলি, কমা এবং বন্ধনীর পরিবর্তে "সেনাবাহিনীর ব্রিগেডিয়ার জেনারেল (প্রাক্তন ই এম ই)" শব্দগুলি এবং বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(গ) ক্রমিক নং ৩ এর বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত ", যান্ত্রিক" কমা এবং শব্দটি বিলুপ্ত হইবে;



**মূল্য ঃ** টাকা ৪.০০

(ঘ) ক্রমিক নং ১০ এর বিপরীতে কলাম ৫ এ প্রেষণ সম্পর্কিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ নূতন এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"**প্রেষণ** ঃ সেনাবাহিনীর ক্যাপ্টেন পদধারী কর্মকর্তা, যাহাদের মধ্যে দুই-তৃতীয়াংশ ইএমই এবং এক-তৃতীয়াংশ অর্ডন্যান্স কোর-এর।"

(ঙ) ক্রমিক নং ১১ এর বিপরীতে—

(অ) কলাম ৪ এ উল্লিখিত "(ক) ৮০% পদোন্নতির মাধ্যমে; এবং

(খ) ২০% প্রেষণে বদলির মাধ্যমে" শব্দগুলি, বন্ধনীগুলি, সংখ্যাগুলি, চিহ্নগুলি এবং কোলনের পরিবর্তে "পদোন্নতির মাধ্যমে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(আ) কলাম ৫ এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নবর্ণিত এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"সহকারী কেমিস্ট পদে ৪ (চার) বৎসরের চাকুরী।"

(চ) ক্রমিক নং ১২ এর বিপরীতে কলাম ৫ এ প্রেষণ সম্পর্কিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"**প্রেষণ** ঃ সেনাবাহিনীর ক্যাপ্টেন পদধারী কর্মকর্তা।"

(ছ) ক্রমিক নং ১৩ এর বিপরীতে—

(অ) কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"সরাসরি নিয়োগের মাধ্যমে। সরাসরি নিয়োগের জন্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে।"; এবং

(আ) কলাম ৫ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"সরাসরি নিয়োগ ঃ চিকিৎসা কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বি এম ডি সি কর্তৃক স্বীকৃত এম বি বি এস অথবা সমমানের ডিগ্রী।

প্রেষণ ঃ সেনাবাহিনীর ক্যাপ্টেন (এ এম সি) পদধারী কর্মকর্তা।"

(জ) ক্রমিক নং ১৪ এর বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পদোন্নতি সম্পর্কিত এন্ট্রিতে "চাকুরী" শব্দের পর "সম্পন্ন ডিপ্লোমা ইঞ্জিনিয়ার" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(ঝ) ক্রমিক নং ১৯ এর বিপরীতে—

(অ) কলাম ৩ এ উল্লিখিত "৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর।" সংখ্যাগুলি, শব্দগুলি এবং দাঁড়িগুলি বিলুপ্ত হইবে;

(আ) কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"পদোন্নতির মাধ্যমে"।

(ই) কলাম ৫ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"উপ-সহকারী কেমিস্ট পদে ৩ (তিন) বৎসরের চাকুরী।"

(ঞ) ক্রমিক নং ২০ এর বিপরীতে কলাম ৫ এ "সরাররি নিয়োগ" সম্পর্কিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"**সরাসরি নিয়োগ ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা বোর্ড হইতে ২য় বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বৎসর চাকুরীর অভিজ্ঞতা।"

(ট) ক্রমিক নং ২৩ এর বিপরীতে—

(অ) কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(ক) ৫০% পদোন্নতির মাধ্যমে ; এবং

(খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে।";

(আ) কলাম ৫ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(ক) **পদোন্নতি ঃ** মেটল্যাব এ্যাসিস্ট্যান্ট পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।

(খ) **সরাসরি নিয়োগ ঃ** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়নসহ ২য় বিভাগ বা সমমানের ডিগ্রী।"

(ঠ) ক্রমিক নং ২৪ এর বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"**পদোন্নতি ঃ** ক্যাশিয়ার পদে ৩ (তিন) বৎসরের চাকুরী অথবা সহকারী ক্যাশিয়ার বা স্টেনো টাইপিস্ট কাম পিএ বা সুপারভাইজার বা সিনিয়র সহকারী পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।"

(ড) ক্রমিক নং ৩২ এর বিপরীতে—

(অ) কলাম ২ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর।";

(আ) কলাম ৩ এ উল্লিখিত "(খ)" এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(খ) ১০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পদোন্নতির মাধ্যমে।"; এবং

(ই) কলামে ৫ এ উল্লিখিত "সরাসরি নিয়োগ" সম্পর্কিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"**সরাসরি নিয়োগ** ঃ কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ স্বীকৃত কোন কারিগরি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ট্রেডে ১০ (দশ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে।"

(ঢ) ক্রমিক নং ৩৮ এর বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত "(খ)" এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে যান্ত্রিক ড্রাফ্‌টসম্যানশীপ বিষয়ে ২ (দুই) বৎসর মেয়াদী সনদ প্রাপ্ত।"

(ণ) ক্রমিক নং ৩৯ এর বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত "(খ)" এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে যান্ত্রিক ড্রাফ্‌টসম্যানশীপ বিষয়ে ২ (দুই) বৎসর মেয়াদী সনদ প্রাপ্ত।"

(ত) ক্রমিক নং ৪০ এর বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত "(খ)" এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(খ) কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে যান্ত্রিক ড্রাফ্‌টসম্যানশীপ বিষয়ে ২ (দুই) বৎসর মেয়াদী সনদ প্রাপ্ত।"

(থ) ক্রমিক নং ৪৭ এর বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত "৮ম শ্রেণী উত্তীর্ণ" শব্দগুলি এবং সংখ্যার পরিবর্তে "কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(দ) ক্রমিক নং ৪৮ এর বিপরীতে—

(অ) কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর।";

(আ) কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(ক) ৯০% পদোন্নতির মাধ্যমে; এবং

(খ) ১০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পদোন্নতির মাধ্যমে।"; এবং

(ই) কলাম ৫ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"**পদোন্নতি ঃ** টেকনিশিয়ান পদে ৩(তিন) বৎসরের চাকুরী।

**সরাসরি নিয়োগ ঃ** কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত কোন কারিগরি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ট্রেডে ০৮ (আট) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে।"

(ধ) ক্রমিক নং ৫০ এর বিপরীতে—

(অ) কলাম ৩ এ উল্লিখিত "৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর।" সংখ্যাগুলি, শব্দগুলি এবং দাঁড়িগুলি বিলুপ্ত হইবে;

(আ) কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"পদোন্নতির মাধ্যমে।";

(ই) কলাম ৫ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"মেডিক্যাল এ্যাসিস্ট্যান্ট পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরী।"

(ন) ক্রমিক নং ৫৩ এর বিপরীতে—

(অ) কলাম ২ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"টেকনিশিয়ান"।;

(আ) কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(ক) ৯০% পদোন্নতির মাধ্যমে এবং

(খ) ১০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পদোন্নতির মাধ্যমে।"; এবং

(ই) কলাম ৫ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"**পদোন্নতি ঃ** জুনিয়র টেক্‌নিশিয়ান পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।

**সরাসরি নিয়োগ ঃ** কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ স্বীকৃত কোন কারিগরি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ট্রেডে কমপক্ষে ০৬ (ছয়) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে।"

(প) ক্রমিক নং ৫৭ এর বিপরীতে—

(অ) কলাম ২ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"জুনিয়র টেকনিশিয়ান";

(আ) কলাম ৩ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"৩০ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বৎসর।";

(ই) কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(ক) ৬৫% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং

(খ) ৩৫% পদোন্নতির মাধ্যমে।"; এবং

(ঈ) কলাম ৫ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"**সরাসরি নিয়োগ ঃ** কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ স্বীকৃত কোন ইনস্টিটিউট হইতে কোন কারিগরি বিষয়ে সার্টিফিকেট প্রাপ্ত।

**পদোন্নতি ঃ** টেকনিক্যাল হেলপার পদে কমপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরী।"

(ফ) ক্রমিক নং ৬৫ এর বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত "অষ্টম শ্রেণী উত্তীর্ণ" শব্দগুলির পরিবর্তে "কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ " শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(ব) ক্রমিক নং ৬৭ এর বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত "অষ্টম শ্রেণী উত্তীর্ণ" শব্দগুলির পরিবর্তে "কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

(ভ) ক্রমিক নং ৬৮ এর বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত "অষ্টম শ্রেণী উত্তীর্ণ" শব্দগুলির পরিবর্তে "কোন স্বীকৃত বোর্ড বা ইনস্টিটিউট হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কামরুল হাসান**
সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।